

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ে নবম প্রকারের সালাত

ذِكْرُ النَّوعِ التَّاسِعِ مِنْ صَلَاةِ الْخَوْفِ

আরবী

2877 - أَخْبَرَنَا أَبُو خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحِيمِ الْبَرْقِيُّ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي مَرْيَمَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ الْهَادِ قَالَ: حَدَّثَنِي شُرْحَبِيلُ أَبُو سَعْدٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فِي صَلَاةِ الْخَوْفِ - قَالَ: قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَطَائِفَةٌ مِنْ خَلْفِهِ - وَطَائِفَةٌ مِنْ وَرَاءِ النَّبِيِّ خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُعُودٌ - وَوُجُوهُهُمْ كُلُّهُمْ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَبَّرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَبَّرَتِ الطَّائِفَتَانِ فَرَكَعَ وَرَكَعَتِ الطَّائِفَةُ الَّتِي خَلْفَهُ - وَالْأُخْرَى قُعُودٌ - ثُمَّ سَجَدَ وَسَجَدُوا أَيْضًا - وَالْآخَرُونَ قُعُودٌ - ثُمَّ قَامَ فَقَامُوا وَنَكَصُوا خَلْفَهُمْ حَتَّى كَانُوا مَكَانَ أَصْحَابِهِمْ قُعُودًا وَأَتَتِ الطَّائِفَةُ الْأُخْرَى فَصَلَّى بِهِمْ رُكْعَةً وَسَجَدَتَيْنِ - وَالْآخَرُونَ قُعُودٌ - ثُمَّ سَلَّمَ فَقَامَتِ الطَّائِفَتَانِ كِلْتَاهُمَا فَصَلُّوا لِأَنْفُسِهِمْ رُكْعَةً وَسَجَدَتَيْنِ.

الراوي : جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2877 | خلاصة حكم المحدث: منكر - ((صحيح أبي داود)) تحت الحديث (1133).

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: هَذِهِ الْأَخْبَارُ لَيْسَ بَيْنَهَا تَضَادٌ وَلَا تَهَاتُرٌ وَلَكِنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى صَلَاةَ الْخَوْفِ مِرَارًا فِي أَحْوَالٍ مُخْتَلِفَةٍ بِأَنْوَاعٍ مُتَبَايِنَةٍ عَلَى حَسَبِ مَا ذَكَرْنَاهُ أَرَادَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِهِ تَعْلِيمَ أُمَّتِهِ صَلَاةَ الْخَوْفِ أَنَّهُ مُبَاحٌ لَهُمْ أَنْ يُصَلُّوا أَيَّ نَوْعٍ مِنَ الْأَنْوَاعِ التِّسْعَةِ الَّتِي صَلَّاهَا رَسُولُ اللَّهِ فِي الْخَوْفِ

عَلَى حَسَبِ الْحَاجَةِ إِلَيْهَا وَالْمَرْءُ مُبَاحٌ لَهُ أَنْ يُصَلِّيَ مَا شَاءَ عِنْدَ الْخَوْفِ مِنْ هَذِهِ الْأَنْوَاعِ
الَّتِي ذَكَرْنَاهَا إِذْ هِيَ مِنْ اخْتِلَافِ الْمُبَاحِ مِنْ غَيْرِ أَنْ يَكُونَ بَيْنَهَا تَضَادٌ أَوْ تَهَاتُرٌ.

বাংলা

২৮৭৭. জাবির বিন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে ভীতিকালীন সালাতের বিবরণ সম্পর্কে বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাতে দাঁড়ান, তাঁর পিছনে একদল সাহাবীও দাঁড়ান। আরেক দল সাহাবী তাদের পিছনে তাঁর দিকে মুখ করে বসে থাকেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকবীর দিলে দুই সাহাবীর সবাই তাকবীর দেন। তারপর তিনি রুকু‘ করলে, তাঁর পিছনের সাহাবীগণও রুকু‘ করেন। আর তাদের পিছনে যারা ছিলেন, তারা বসেই থাকেন। তারপর তিনি সাজদা করলে, তারাও সাজদা করেন। অপর দল বসে থাকেন। তারপর তিনি দাঁড়ালে তারাও দাঁড়ান। অতঃপর তারা পিছনে যান, এভাবে তারা তাদের বসা সঙ্গীদের জায়গায় যান। আর অন্য দলের সাহাবীগণ (যারা পিছনে বসা ছিলেন), তারা সামনে আসেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিয়ে এক রুকু‘ ও দুই সাজদা করেন। আর পিছনের দলের সাহাবীগণ বসে থাকেন। তারপর তিনি সালাম ফেরান। অতঃপর দুই দলের সবাই দাঁড়িয়ে নিজে নিজে এক রুকু‘ ও দুই সাজদা করেন।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “এসব হাদীসগুলোর মাঝে কোন বৈপরীত্ব নেই। বরং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিভিন্ন অবস্থায় বিভিন্নভাবে সালাত আদায় করেছেন, যা আমরা বর্ণনা করেছি। এর দ্বারা উদ্দেশ্য হলো উম্মতকে এই শিক্ষা দেওয়া যে, প্রয়োজন অনুপাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে নয় পন্থায় সালাত আদায় করেছেন, সেসবের মধ্যে যে কোন এক ভাবে সালাত আদায় করা যায়। আমরা যেসব পন্থা উল্লেখ করেছি, তার যে কোন এক পন্থায় ভীতিকালীন সালাত আদায় ব্যক্তির জন্য বৈধ। কেননা এসব বিভিন্নতার সবগুলোই বৈধ। এসবের মাঝে কোন বৈপরীত্ব নেই।”

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৫১; তাহাবী: ১/৩১৮; হাকিম: ১/৩৩৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে যঈফ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১৩৩ নং হাদীসের আওতাভুক্ত)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92207>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন